

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
(কাস্টমস ও মূল্য সংযোজন কর)
প্রজ্ঞাপন

তারিখ: ১৮ জ্যৈষ্ঠ, ১৪২৯ বঙ্গাব্দ/ ১ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ

এস,আর,ও নং ১২৯-আইন/২০২২/৭৭/কাস্টমস।- Customs Act, 1969 (Act No. IV of 1969) এর section 19 এর sub-section (1), মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, জনস্বার্থে, ২৪ মে, ২০২১ খ্রিষ্টাব্দ মোতাবেক ১০ জ্যৈষ্ঠ, ১৪২৮ বঙ্গাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস,আর,ও নং ১২৪-আইন/২০২১/১৩/কাস্টমস এর নিম্নরূপ সংশোধন করিল, যথা :-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের প্রস্তাবনায় উল্লিখিত “মূলধনী যন্ত্রপাতি ও যন্ত্রাংশ আমদানি সংক্রান্ত প্রজ্ঞাপনের মাধ্যমে রেয়াতি সুবিধাপ্রাপ্ত যন্ত্রপাতি এবং নির্মাণ উপকরণ” শব্দগুলির পরিবর্তে “মূলধনী যন্ত্রপাতি, যন্ত্রাংশ ও নির্মাণ সামগ্রী আমদানি সংক্রান্ত প্রজ্ঞাপনের মাধ্যমে রেয়াতি সুবিধাপ্রাপ্ত যন্ত্রপাতি, যন্ত্রাংশ ও নির্মাণ সামগ্রী” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

২। এই প্রজ্ঞাপন ৯ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ তারিখে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,
স্বাক্ষরিত/-
আবু হেনা মোঃ রহমাতুল মুনিম
সিনিয়র সচিব।